দৈনিক ইত্তেফাক

তাং ...২০১৭ ... পৃঃ ...১৭... কলাম ...১...

# শিক্ষা প্রতিষ্ঠানে রাজনৈতিক কর্মসূচি পালন করবে না আওয়ামী লীগ

■ বিশেষ প্রতিনিধি

শিক্ষা প্রতিষ্ঠানের আশপাশ, মাঠ ও মিলনায়তন দখল করে আর কোনো রাজনৈতিক কর্মসূচি পালন করবে না আওয়ামী লীগ। রাজনৈতিক কর্মসূচি পালন করতে গেলে শিক্ষা প্রতিষ্ঠানের সুবিধা-অসুবিধা বিবেচনা করার ব্যাপারে মনযোগী হয়েই কর্মসূচি পালনের নির্দেশ দিয়েছেন আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানের লেখা-পড়া বা পরীক্ষা বন্ধ রেখে জনসভা করার রাজনীতি আওয়ামী লীগ করে না। এ ধরনের সংস্কৃতি বন্ধের নির্দেশনা দিয়েছেন শেখ হাসিনা। সংশ্লিষ্ট সূত্র এ তথ্য নিশ্চিত করেছে।

জানা গেছে, রবিবার ধানমন্ডিস্থ আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে সম্পাদকমন্ডলীর এক সভায় গাজীপুরের স্থগিত হওয়া জনসভার প্রসঙ্গ তোলেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বৈঠকে উপস্থিত সহকর্মীদের ওই জনসভা সম্পর্কে বিস্তারিত জানান। গাজীপুরের স্থানীয় আওয়ামী লীগ নেতারা পরীক্ষা কেন্দ্র পরিবর্তন করে সেখানে জনসভা করা হবে এমন তথ্য গোপন রেখেছিলেন। এই প্রসঙ্গে ওবায়দুল কাদের বলেন, 'যখনই আমরা পরীক্ষা স্থগিত করে জনসভার করার তথ্য জানতে পারি, তখনই জনসভা স্থগিতের ঘোষণা করি।' বৈঠকে নেতাদের সেতুমন্ত্রী জানান, 'এই খবরে প্রধানমন্ত্রী ক্ষুব্ধ হয়েছেন। জনসভা স্থগিত করার নির্দেশ দিয়েছেন।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর